

শিক্ষা জাতীয়করণের দাবি শিক্ষক সমিতির

ইত্তেফাক রিপোর্ট

জাতীয় বাজেটে শিক্ষাখাতে বরাদ্দ বৃদ্ধি করে ৬ শতাংশে উন্নীত এবং শিক্ষকদের জাতীয়করণের দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি। গতকাল শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে সংবাদ সম্মেলনে এ দাবি জানান সংগঠনের সভাপতি মুহাম্মদ আবু বকর সিদ্দিকী।

সংবাদ সম্মেলনে বলা হয়, জাতীয় বাজেটে এ পর্যন্ত শিক্ষাখাতে ২ দশমিক ১ শতাংশ, ২ দশমিক ৩ শতাংশের বেশি বরাদ্দ না দিয়ে সামগ্রিক শিক্ষাব্যবস্থাকে উপেক্ষা করা হয়েছে।

সংবাদ সম্মেলনে শিক্ষকদের মর্যাদা বিষয়ক আইএলও সনদের সুপারিশমালা বাস্তবায়ন, পূর্ণাঙ্গ উৎসবভাতা প্রদান, নন-এমপিওভুক্ত শিক্ষকদের এমপিওভুক্তি, তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের স্বল্পতা দূর করা সহ বিভিন্ন দাবি তুলে ধরা হয়। ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সাংবাদ সম্মেলন শেষে নারায়ণগঞ্জের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছনার প্রতিবাদে শিক্ষকরা জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করেন।